দৈনিক সংবাদ

তারিখ 04 SEP 1989
পৃষ্ঠা ৫ কলাম ৩

# বালিকা বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

কটিয়াদী (কিশোরগঞ্জ), ১লা সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।-কটিয়াদী পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়টি ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর সংস্কার করা হয়নি। বিদ্যালয়ে আসবাবপত্র, শিক্ষা উপকরণের অভাব রয়েছে। এছাড়া বিদ্যালয়ে শিক্ষক সংকট ও শ্রেণীকক্ষের অভাবে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। বিদ্যালয়ে সীমানা দেয়াল নেই। বিদ্যালয়ের সড়কের দুরবস্থা চরমে পৌঁছেছে। সড়কের কালভার্টটি যেকোন সময় ভেঙ্গে যাওয়ার আশংকা রয়েছে। ব্রহ্মপুত্রের ভাঙ্গন বিদ্যালয়ের কাছে চলে এসেছে কিন্তু আজ পর্যন্ত এ ব্যাপারে কোন পদক্ষেপ নেয়া যায়নি।